

“মুজিববর্ষের আহবান
দক্ষ হয়ে বিদেশ যান”



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

ওয়েজ আর্নান্স কল্যাণ বোর্ড

প্রবাসী কল্যাণ ভবন

৭১-৭২, পুরাতন এলিফ্যান্ট রোড, ইন্সটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০।

www.wewb.gov.bd

নং-৪৯.০৪.০০০০.০০৪.১৮.১৭৬.১০-২৬৫

তারিখ: ০২-০৯-২০২০খ্রি:।

অফিস আদেশ

আপনি ওয়েজ আর্নান্স কল্যাণ বোর্ডে অস্থায়ীভিত্তিতে নিয়োগপ্রাপ্ত সিস্টেম এনালিস্ট (ডিবিএ) জনাব মোঃ সাইদুল ইসলাম জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো ও ওয়েজ আর্নান্স কল্যাণ বোর্ডের সকল ডাটাবেজের দায়িত্বে নিয়োজিত। অত্র দপ্তরকে অবহিত না করে আপনি বিএমইটির বহির্গমন ডাটাবেজ সার্ভারের সাথে ওয়েজ আর্নান্স কল্যাণ বোর্ডের Enterprise resource planning (ইআরপি) সংযোগ বিচ্ছিন্ন করেছেন যা বিধি বর্হিত্ত এবং অসদাচরণ। একটি চলমান অটোমেটিক সিস্টেম কর্তৃপক্ষের কোন অনুমতি গ্রহণ ছাড়াই হঠাৎ বন্ধ করে আপনি দায়িত্ব পালনে চরম অবহেলা দেখিয়েছেন যা একটি চলমান প্রক্রিয়াকে চরমভাবে ব্যহত করেছে। এমনকি মহাপরিচালক মহোদয়ের মৌখিক নির্দেশ উপেক্ষা করে অদ্যাবধি ইআরপি ও অনাবাসী ও অনিবন্ধিত বাংলাদেশীদের বোর্ডের ডাটাবেজে (ডায়াসপোরা) অর্ন্তভুক্তি মেম্বারশীপ কার্যক্রমের সংযোগ পূর্ণস্থাপন করেননি। উক্ত অভিযোগের ভিত্তিতে আপনাকে কারণ দর্শানো হয়। কিন্তু সেই কারণ দর্শানোর পরিপ্রেক্ষিতে আপনার লিখিত জবাব সন্তোষজনক নয়।

খ) যেহেতু, আপনি বর্তমানে চলমান ডায়াসপোরা (মেম্বারশীপ ডাটাবেজ) কার্যক্রমের সাথে কাকরাইলে বহির্গমন ডাটাবেজের কোন সংযোগ অদ্যাবধি চালুর ব্যবস্থা করেননি বরং কল্যাণ বোর্ড ও মন্ত্রণালয়ের অনুমতি ছাড়া উক্ত ডাটাবেজ আলাদা করে যথাযথ কর্তৃপক্ষের পরিপত্র অমান্য করেছেন; এবং

গ) যেহেতু, ওয়েজ আর্নান্স কল্যাণ বোর্ডের জুলাই/২০২০ মাসের মাসিক সমন্বয় সভায় উপস্থিত থাকার জন্য নির্দেশ প্রদান করা হলেও আপনি উক্ত সভায় উপস্থিত হননি যা কর্তৃপক্ষের নির্দেশের চরম অবজ্ঞার সামিল; এবং

ঘ) যেহেতু, নিয়োগ পত্রের ৭নং শর্ত অনুযায়ী ডাটাবেজে সংরক্ষিত কোন তথ্য ধ্বংস (Destroy) বা বিকৃত করা যাবে না মর্মে যে শর্ত প্রদান করা হয়েছিল আপনি সেটি চরমভাবে লংঘন করেছেন। আপনার এহেন কার্যক্রম ওয়েজ আর্নান্স কল্যাণ তহবিল (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ ও চাকুরী প্রবিধানমালা ২০০৪ এর ৩৮(খ) ধারা অনুযায়ী অসদাচরণের সামিল ও শাস্তিযোগ্য অপরাধ; এবং

ঙ) যেহেতু, আপনার এহেন আচরণ ওয়েজ আর্নান্স কল্যাণ বোর্ডের সার্বিক কার্যক্রম চরমভাবে ব্যহত হচ্ছে এবং এ কার্যক্রম আপনার নিয়োগপত্রের শর্তের পরিপন্থী; সেহেতু, ওয়েজ আর্নান্স কল্যাণ বোর্ডের (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ ও চাকুরী প্রবিধানমালা-২০০৪ এর ৪৪ নং বিধি মোতাবেক আপনাকে চাকরি থেকে সাময়িক বরখাস্ত করা হলো।

প্রচলিত বিধি মোতাবেক আপনি সাময়িক বরখাস্তকালীন খোরপোষ ভাতা (Subsistence Allowance) প্রাপ্য হবেন।

(মোঃ হামিদুর রহমান)

মহা-পরিচালক (অতিরিক্ত সচিব)

☎ ০২-৪৮৩১৮২০৪

✉ dg@wewb.gov.bd

“মুজিববর্ষের আহবান
দক্ষ হয়ে বিদেশ যান”



অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে : (তৈজ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। মহাপরিচালক, জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, ৮৯/২, কাকরাইল, ঢাকা।
- ২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা। (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৪। পরিচালক (বর্হিগমন), জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, ৮৯/২, কাকরাইল, ঢাকা।
- ৫। উপ-পরিচালক (সকল), ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।
- ৬। সিস্টেম এনালিস্ট, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা (ওয়েব সাইটে আপলোডের অনুরোধসহ)।
- ৭। জনাব মোঃ সাইদুল ইসলাম, সিস্টেম এনালিস্ট (ডিবিএ), ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।
- ৮। হিসাব রক্ষণ কর্মকর্তা, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।
- ৯। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।
- ১০। পরিচালক (সকল) এর ব্যক্তিগত সহকারী, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
- ১১। মাস্টার নথি/২০২০।